কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০।
(সংস্থাপন বিভাগ)
www.badc.gov.bd

স্মারক নং-১২.২০৩.০০১.৩১.০১.১৯৮২.২০১২-১৭৫৮ তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪২৬ / ২৮ নভেম্বর ২০১৯

জনাব সাবরিনা সুলতানা
উপ-হিসাব নিয়ন্ত্রক (প্রকল্প/প্রঃভঃতঃ),
হিসাব বিভাগ, বিএডিসি, ঢাকা

বিষয়ঃ বিশেষ গোপনীয় প্রতিবেদন ফেরত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ আপনার বিভাগের স্মারক নং- ১২.২৩২.০২৪.০০.০০.০০৩.২০১৬.২৭৯৫ তারিখঃ ০৯ মে, ২০১৯।

উপর্যুক্ত সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বার্ষিক গোপনীয় বিধিমালা অনুযায়ী গোপনীয় প্রতিবেদন একই খ্রিস্ট্রীয় পঞ্জিকা বৎসরের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। প্রয়োজনে এবং বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে এক পঞ্জিকাবর্ষে একাধিক আংশিক গোপনীয় প্রতিবেদন দাখিল করা যাবে। তবে আংশিক গোপনীয় প্রতিবেদন দাখিলের ক্ষেত্রে একজন অনুবেদনাধীন কর্মকর্তাকে এক কর্মস্থলে এক পঞ্জিকা বর্ষে একজন অনুবেদনকারী কর্তৃপক্ষের অধীনে **ন্যূনতম ০৩ (তিন) মাস** কর্মকাল অতিবাহিত করতে হবে।

আপনার অনুবেদনাধীন কর্মকর্তা **জনাব মোঃ শাহ আলম,** সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব বিভাগ, বিএডিসি, ঢাকা কর্তৃক দাখিলকৃত আংশিক গোপনীয় প্রতিবেদনটি ১৬/১০/২০১৮ হতে ১৫/০৪/২০১৯ সময়কালের অর্থাৎ একাধিক পঞ্জিকাবর্ষকালীন। অধিকন্তু, এক পঞ্জিকাবর্ষে ইহার সময়কাল ০৩ (তিন) মাসের কম।

অতএব জনাব মোঃ শাহ আলম এর বিশেষ গোপনীয় প্রতিবেদন বিধিগত কারণে ডোসিয়ার সংরক্ষণকারী দপ্তর হিসেবে সংস্থাপন বিভাগের পক্ষে গ্রহণ করা সম্ভব নয় বিধায় তা আপনার নিকট ফেরত প্রদান করা হলো। যথাযথ বিধিবিধান অনুসরন পূর্বক বার্ষিক গোপনীয় প্রতিবেদন দাখিল/প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

২৮.১১.২০১৯
(স্বপন কুমার দাস)
যুগ্মপরিচালক
বিএডিসি, ঢাকা।
ফোন নম্বরঃ ৯৫৫২০৬৭
email:establishment@badc.gov.com

স্মারক নং-১২.২০৩.০০১.৩১.০১.১৯৮২.২০১২-১৭৫৮ তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪২৬ / ২৮ নভেম্বর ২০১৯

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>
০১.জনাব মধু সূদন দাস, সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রভত), বিএডিসি, ঢাকা।
০২.জনাব মোঃ শাহ আলম, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব বিভাগ, বিএডিসি, ঢাকা।
০৩.কম্পিউটার প্রোগ্রামার (আইসিটি সেল), বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৪.অফিস কপি/ মাস্টার ফাইল।

২৯/১১/১৯
(মোহাম্মদ আলী)
সহকারী পরিচালক
বিএডিসি, ঢাকা।

সংযুক্তিঃ বিশেষ গোপনীয় প্রতিবেদন (১৬/১০/২০১৮ হতে ১৫/০৪/২০১৯ সময়ের ০২ (দুই) প্রস্থ))